

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ

Website: www.westbengalvaluationboard.gov.in

ধুপগুড়ি পুর এলাকা সম্পর্কিত বিজ্ঞপ্তি

সাধারণ বিজ্ঞপ্তি নং ২২০/ডব্লিউ.বি.ভি.বি তারিখ ৫/০৪/২০১৮

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন, ১৯৭৮ (West Bengal Act LVII of 1978) এর ৯ ধারার (১) উপধারা মোতাবেক পশ্চিমবঙ্গ সরকারের ১৭ই জানুয়ারী ২০১৮ সালের 11/MA/O/C/Estt.(WBVB)/2M-01/2018 নং বিজ্ঞপ্তির বলে জলপাইগুড়ি জেলার অন্তর্গত ধুপগুড়ি পুর এলাকায় অবস্থিত সকল জমি ও বাড়ির মূল্যায়ন নির্ধারণ (General Valuation) পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ কর্তৃক সম্পন্ন হইবে।

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন - ১৯৭৮ এর ১৬নং ধারা এবং তদনুযায়ী রচিত নিয়মাবলী অনুসারে ধুপগুড়ি পুর এলাকায় অন্তর্গত সকল জমি ও বাড়ির মালিক অথবা বসবাসকারীদের প্রত্যেককে এই বিজ্ঞপ্তির ৩০ দিনের মধ্যে অবশ্যই নিজ নিজ জমি ও বাড়ির তথ্যাদি সম্বলিত একটি বিবরণনামা পেশ করিতে হইবে। পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ নিয়মাবলী (জমি ও বাড়ির মূল্যায়ন) ১৯৮৪ - র তফসীল তিনে বর্ণিত ফর্ম মোতাবেক উক্ত বিবরণ নামা প্রদেয়। উক্ত ফর্ম পর্ষদের কার্যালয় অথবা ক্যাম্প অফিসে অর্থাৎ ধুপগুড়ি পুর কার্যালয়ে প্রতিদিন (শনিবার ও ছুটির দিন ব্যতীত) সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিনামূল্যে পাওয়া যাইবে। এই ফর্মটি www.westbengalvaluationboard.gov.in ওয়েবসাইট থেকে download করা যাইতে পারে।

ধুপগুড়ি পুর এলাকায় সকল জমি ও বাড়ির মালিক ও বসবাসকারীদের এতদ্বারা এই বিজ্ঞপ্তির জারির ৩০ দিনের মধ্যে নির্দিষ্ট ফর্মে প্রদেয় বিবরণনামা উপরিবর্ণিত ক্যাম্প অফিসে অথবা পর্ষদ অফিসে দাখিল করিতে অনুরোধ করা হইতেছে। উল্লেখ থাকে যে এই বিবরণ নামা দাখিল করা তাঁহাদের একটি বিধিবদ্ধ এবং অবশ্যপালনীয় কর্তব্য। জমি ও বাড়ি সংক্রান্ত উক্ত বিবরণ নামা জমা না করা অথবা অসত্য তথ্য সহ বিবরণ নামা জমা করা, পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ আইন, ১৯৭৮ এর ২৫ ধারা অনুযায়ী একটি দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হইতে পারে।

তারিখ :- ০৫/০৪/২০১৮.

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ,
পৌরপ্রশাসন ভবন, ২য় তল, বিধাননগর,
কলকাতা - ৭০০০৬৪


সদস্য সচিব

পশ্চিমবঙ্গ মূল্যায়ন পর্ষদ